65

দৈনিক ইত্তেফাক

তারিখ 23 JUF 1998
পৃঃ ১২ কলাম ৪

# ২০ জন শিক্ষক ৭ মাস যাবৎ বেতন হইতে বঞ্চিত

নেত্রকোনা সংবাদদাতা ॥ সদর থানার মেদনী ইউনিয়নের ৬টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের ২০ জন শিক্ষক গত ৮ মাস যাবৎ বেতন না পাওয়ায় আর্থিক সংকটে পতিত হইয়াছেন। কোন কোন শিক্ষক সপরিবারে অসহায় অবস্থায় দিন যাপন করিতেছেন। মেদনী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শামসুদ্দীন আহমেদ জানান যে, ১৯৯৮ সনের জানুয়ারী মাসে সরকার ৪ লাখ ২০ হাজার টাকা খরচ করিয়া প্রতিটি প্রাথমিক বি্যালয়ের পাকা ভবন নির্মাণ করে। জানুয়ারী মাস হইতেই বিদ্যালয়গুলিতে ক্লাস শুরু হয়। প্রথম ৩ মাস প্রত্যেক শিক্ষক ৫০০ টাকা করিয়া বেতন পাইলেও গত এপ্রিল মাস হইতে তাহাদের বেতন আকস্মিকভাবে বন্ধ হইয়া যায়। অথচ একই এলাকার বেসরকারী রেজিষ্ট্রিকৃত প্রাথমিক বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষক ১২০০ টাকা করিয়া মাসিক বেতন পাইতেছেন। কিন্তু কমিউনিটি বিদ্যালয়ের শিক্ষকরা বেতন পাইতেছেন না।

এই ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হইলে তাহারা জানান, কমিউনিটি শিক্ষকদের বেতন না পাওয়ার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট জানানো হইয়াছে।